দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... ...
পৃষ্ঠা ...৩... কলাম ...৩...

# সরকার জাতির পিতার ছবি নামালে ইতিহাসের সঙ্গে বেঈমানী করবে...

...................................ছাত্রলীগ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ জাতির পিতার প্রতিকৃতি সংরক্ষণ আইন বাতিল বিল সংসদে উথাপনের প্রতিবাদে ছাত্রলীগ বৃহস্পতিবার বিক্ষোভ সমাবেশ করে। মিছিলটি বঙ্গবন্ধু এভিনিউ প্রদক্ষিণ করে জিরো

(১৪শ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## সরকার জাতির পিতার

(৩য় পৃঃ পর)

পয়েন্টের দিকে অগ্রসর হলে পুলিশ বাধা প্রদান করে। ছাত্রলীগ সেখানেই সমাবেশ করে। ছাত্রলীগ সভাপতি বাহাদুর বেপারীর সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন আওয়ামী লীগ প্রেসিডিয়াম সদস্য আব্দুস সামাদ আজাদ, কৃষি সম্পাদিকা বেগম মতিয়া চৌধুরী, ছাত্রলীগ সাধারণ সম্পাদক অজয় কর খোকন, বলরাম পোদ্দার, আনিসুর রহমান, মাজহার আনাম, সাইফুজ্জামান শিখর, খান মইনুল ইসলাম মোস্তাক প্রমুখ। সমাবেশে নেতৃবৃন্দ বলেন, জোট সরকার জাতির পিতার ছবি নামালে ইতিহাসের সাথে বেঈমানী করবে। কঠিন কর্মসূচীর মাধ্যমে এই সরকারকে পতন ঘটাতে হবে।